

জয়িতা ফাউন্ডেশন
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা) ২৭৫/জি
রোড নং-২৭ (পুরাতন) ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫
www.joyeeta.gov.bd



জয়িতা ফাউন্ডেশন নারী উদ্যোক্তা অন্বেষণ/নির্বাচন নীতিমালা (খসড়া)

“জয়িতা” এখানে বিজয়ী নারীর প্রতীকী নাম। দেশের নারীসমাজের মধ্যে ব্যাপক উৎসাহ ও আশাবাদ সঞ্চারিত করার মাধ্যমে ব্যবসা অনুকূল ও নারীবান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগী একটি অলাভজনক ও স্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে “জয়িতা ফাউন্ডেশন” গড়ে তোলা হয়। জয়িতা ফাউন্ডেশন Societies Registration Act, XXI of 1860 এর আওতায় Joint Stock Companies and Firms কর্তৃক নিবন্ধনকৃত প্রতিষ্ঠান। জয়িতা ফাউন্ডেশন নিজে ব্যবসা করে না, নারী উদ্যোক্তাগণ এখানে জয়িতা-র প্ল্যাটফর্মে প্রত্যক্ষভাবে ব্যবসা করেন। জয়িতা ফাউন্ডেশন পরিকাঠামোগত সুবিধাদিসহ নারী উদ্যোক্তাদেরকে ব্যবসা পরিচালনায় ও পণ্য উৎপাদনে প্রয়োজনীয় জ্ঞান-দক্ষতা প্রদান করে।

২। জয়িতা ফাউন্ডেশন ব্যবসা অনুকূল ও নারীবান্ধব পরিবেশ সৃষ্টিতে কাজ করে। বাজার চাহিদার নিরিখে জয়িতা ফাউন্ডেশন নতুন নতুন ব্যবসার ক্ষেত্র উদ্ভাবন ও উদ্ভাবিত ব্যবসাসমূহে নারীদেরকে সম্পৃক্ত করতে নিরন্তর সচেষ্ট থাকে। আশা করা যায়, এমনিভাবে নারীবান্ধব ব্যবসায় অনুকূল পরিবেশে ব্যবসা করতে করতে কালক্রমে নতুন নতুন সফল নারী উদ্যোক্তা তৈরি করা হবে। ফলশ্রুতিতে উদ্যোক্তা হিসাবে নারীদের সম্মানজনক জীবিকায়নের ব্যবস্থা হবে। এ প্রক্রিয়ায় দেশের নারীসমাজের অর্থনৈতিক ক্ষমতায়ন হবে। নিবিড় পরিচর্যার মাধ্যমে পর্যায়ক্রমে জেলা ও উপজেলায় সম্প্রসারিত করে দেশব্যাপী সফল নারী উদ্যোক্তা তৈরির মাধ্যমে দেশব্যাপী একটি নারীবান্ধব আলাদা বিপণন নেটওয়ার্ক গড়ে তোলা সম্ভব হবে। দেশের সাংবিধানিক অঙ্গীকার হিসাবে লিঙ্গ সমতাভিত্তিক সমাজ নির্মাণের চলমান প্রক্রিয়ার পরিপূরক হিসাবে নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে নিরবিচ্ছিন্ন কর্মপ্রয়াস পরিচালনায় সক্ষম একটি কার্যকর বিশেষায়িত প্রতিষ্ঠান হিসাবে জয়িতা ফাউন্ডেশনকে গড়ে তোলা সম্ভব।

৩। জয়িতা ফাউন্ডেশনের Memorandum of Association এবং Rules and Regulations এর 6 (b), (g) ধারা অনুযায়ী মহিলা বিষয়ক অধিদপ্তরের রেজিস্ট্রিকৃত সমিতির সদস্য ব্যাভীত কোন নারী উদ্যোক্তা জয়িতা ফাউন্ডেশনের সাথে সম্পৃক্ত হতে পারবেন না এবং স্টল বরাদ্দ পাবেন না।

যেহেতু এ জাতীয় সমিতির বাইরেও সম্ভাবনাময়ী অনেক নারী উদ্যোক্তা জয়িতা প্ল্যাটফর্ম ব্যবহার করে অর্থনৈতিক ভাবে সাবলক্ষ্য হতে চায় সেহেতু নারী উদ্যোক্তার সংখ্যা বৃদ্ধি করতে হলে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত সমিতির পাশাপাশি অন্যান্য সমিতি/ব্যক্তি নারী উদ্যোক্তাকে জয়িতা ফাউন্ডেশনের প্ল্যাটফর্মে ব্যবসা পরিচালনার সুযোগ দিতে হবে। এ লক্ষ্যে জয়িতা ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের ১৬শ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। তার পরিপ্রেক্ষিতে জয়িতা ফাউন্ডেশন নারী উদ্যোক্তাদের তথ্য সংগ্রহ ও সংরক্ষণের ডেটাবেজ তৈরির লক্ষ্যে শর্তসাপেক্ষে নিবন্ধন কাজ শুরু করেছে;

উদ্দেশ্যঃ

- ১। নারী উদ্যোক্তা বৃদ্ধি করা।
- ২। নারীকে ব্যবসা উদ্যোগে সম্পৃক্তকরণের মাধ্যমে অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি করা।
- ১। নিবিড় পরিচর্যার মাধ্যমে পর্যায়ক্রমে দেশব্যাপী সফল নারী উদ্যোক্তা গড়ে তুলে তাদের মাধ্যমে একটি আলাদা বাজার ব্যবস্থা (বিপণন নেটওয়ার্ক) ও ভ্যালু চেইন গড়ে তোলা।
- ২। দেশব্যাপী ছড়িয়ে থাকা নারী উদ্যোক্তাদের একটি প্ল্যাটফর্মে সংযুক্ত করে ব্যবসায়িক উদ্যোগের মাধ্যমে অর্থনৈতিকভাবে সাবলম্বী করে তুলার।
- ৩। সমিতি উদ্যোক্তাদের পাশাপাশি ব্যক্তি উদ্যোক্তাদের ব্যবসা উদ্যোগে উৎসাহিতকরণ এবং উদ্যোক্তার সংখ্যা বৃদ্ধিকরণ।
- ৪। নারীবান্ধব আলাদা বিপণন নেটওয়ার্ক গড়ে তোলার মাধ্যমে নতুন নতুন ব্যবসার ক্ষেত্র উদ্ভাবন ও উদ্ভাবিত ব্যবসাসমূহে নারীদেরকে সম্পৃক্তকরণ।

জয়িতা ফাউন্ডেশন নিম্নোক্ত দুটি ক্যাটাগরিতে নারী উদ্যোক্তাদের তথ্য সংগ্রহ ও সংরক্ষণের ডেটাবেজ তৈরির লক্ষ্যে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিবন্ধন শুরু করেছে;

ক্যাটাগরি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত জয়িতা ফাউন্ডেশন ব্যক্তি/সমিতি পর্যায়ে নারী উদ্যোক্তাদের নিবন্ধন কার্যক্রম শুরুর সিদ্ধান্ত গ্রহণ করেছে।

- ব্যক্তি উদ্যোক্তা
- সমিতি উদ্যোক্তা

যাচাই বাছাই প্রক্রিয়াঃ

- ১। নারী উদ্যোক্তা নির্বাচন/ অন্বেষণ সংক্রান্ত গঠিত নিম্নোক্ত কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করণের প্রেক্ষিতে নির্বাচন/ অন্বেষণের লক্ষ্যে সুপারিশ করবে।

ক্রমঃ নং	নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১	পরিচালক (উপসচিব) জয়িতা ফাউন্ডেশন	আহ্বায়ক
২	প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩	প্রতিনিধি, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
৪	প্রতিনিধি, এস এম ই ফাউন্ডেশন	সদস্য
৫	সহকারী ব্যবস্থাপক, জয়িতা ফাউন্ডেশন	সদস্য সচিব

কমিটির কার্যপরিধিঃ

- ১। নারী উদ্যোক্তাদের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে নারী উদ্যোক্তা নির্বাচন করে সুপারিশ প্রণয়ন করবে।

প্রচার প্রচারণাঃ

- ১। উদ্যোক্তা অন্বেষণের নিমিত্তে ওয়েবসাইট, জাতীয় দৈনিক এবং অনলাইন সহ বিভিন্ন মাধ্যমে বিজ্ঞপ্তি প্রদান।

আগ্রহী ব্যক্তি/ সমিতি উদ্যোক্তার প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ

১। সমিতির ক্ষেত্রে আবেদনের সাথে যেসকল সনদ/কাগজপত্রাদী জমা দিতে হবেঃ

- রেজিস্ট্রেশন সনদের কপি (যদি থাকে) ।
- ট্রেড লাইসেন্সের ফটোকপি ।
- সমিতির গঠনতন্ত্র ।
- কার্যকরী পরিষদের সদস্যদের তালিকা।
- সমিতির সভানেত্রী এবং সম্পাদিকার ২ কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা ছবি ।
- সভানেত্রী এবং সম্পাদিকার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ।

২। ব্যক্তি উদ্যোক্তার আবেদনের সাথে যেসকল সনদ/কাগজপত্রাদী জমা দিতে হবে।

- ট্রেড লাইসেন্সের ফটোকপি ।
- ২ কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা ছবি ।
- জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ।
- প্রতিষ্ঠানের লোগোযুক্ত বিবরণ ।

বিঃ দ্রঃ

এ কার্যক্রম পরিচালনায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে

